



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/ ৬২১ /রাজশাহী-৬৫

তারিখ: ২৭.১০.২০১৯খ্রি.

বিষয়ঃ- সভাপতি মনোনয়ন বাতিল করণ প্রসঙ্গে

সূত্র :

১. নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/রাজশাহী-৬৫/৬৫৪; তারিখ: ০৬/০৫/২০১৯ খ্রি.
২. উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং-০৫.৪৩.৮১.১২.০০০.০৪.২১.১৯/৬৮৭; তারিখ: ০২/০৯/২০১৯ খ্রি.
৩. নং বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/৬৭৯/রাজশাহী-৬৫; তারিখ: ১২.০৯.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন কোনাবাড়ীয়া দাখিল মাদ্রাসার সভাপতি একক ক্ষমতা বলে বিধি-বহির্ভূত ভাবে প্রথম সভায় বিদ্যোৎসাহী সদস্য কো-অপ্ট করায় দাতা সদস্য জনাব মোঃ ইসমাইল হোসেন খান সভাপতির বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক সরেজমিনে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহীকে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বাগমারা, রাজশাহী সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় সভাপতি জনাব মোঃ আইয়ুব আলী সাখিদার, দাতা সদস্য জনাব মোঃ ইসমাইল হোসেনকে বাদ দিয়ে বিধিবহির্ভূতভাবে বিদ্যোৎসাহী সদস্য নির্বাচিত করেছেন। পরবর্তীতে দাতা সদস্য ও বিদ্যোৎসাহী সদস্যের মধ্যে বিরোধ নিস্পত্তি হয়ে যায় মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন। অপরদিকে সভাপতি কর্তৃক নিজ মেয়েকে চাকুরী দেওয়া ও শিক্ষক হাজিরা বহি ইচ্ছামত নিজের বাড়ীতে নিয়ে রাখাসহ বিভিন্ন অভিযোগ প্রমাণিত হয়।

এমতাবস্থায়, অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত সভাপতিকে কেন তার সভাপতি মনোনয়ন বাতিল করা হবে না সে বিষয়ে জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে অভিযুক্ত সভাপতি যে জবাব প্রেরণ করেছেন তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় অভিযুক্ত সভাপতির জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা প্রবিধানমালা, ২০০৯ এর ৩৮(১) এর আলোকে উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আইয়ুব আলী সাখিদারের মনোনয়ন এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

সুপার

কোনাবাড়ীয়া দাখিল মাদ্রাসা

কোনাবাড়ীয়া, বাগমারা, রাজশাহী

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/ ৬২১ /রাজশাহী-৬৫
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রাজশাহী;
২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী;
৪. সভাপতি (অভিযুক্ত), কোনাবাড়ীয়া দাখিল মাদ্রাসা, কোনাবাড়ীয়া, বাগমারা, রাজশাহী ;
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪